

লবণ হ্রদ সংবাদ

১০ জুন ২০০৯

## প্রথম বার্ষিক উদযাপন অনুষ্ঠান



মঞ্চে আছেন সঞ্জয় বুনবুনওয়ালা, সন্দীপ সারওয়াহ ও সুবেশ রায়। নিজস্ব চিত্র।

নিজস্ব প্রতিনিধিঃ গত ১৫ জুন মাণি স্কোয়ার মলের এক বছর হবে। প্রথম বার্ষিকী উদযাপন অনুষ্ঠান পালিত হবে ১০ জুন থেকে ৩০ জুন। এই ২১ দিনের উদযাপন অনুষ্ঠানে থাকছে নানা ধরনের অফার যা দেওয়া হবে ক্রেতাদের। যেমন আছে চার জন সদস্য এক পরিবারের জন্য ৫২১ টাকা ফ্যামিলি প্যাকেজ যার মধ্যে আছে লাঞ্চ, ডিনার, আইম্যাক্স থিয়েটার হলে থ্রি ডি সিনেমা, অ্যামিবায়ে গেমিং বা স্কেরি হাউসের টিকিট এবং এর ওপরে বাজার হাট করার জন্য ২০০ টাকা। একটি ব্যক্তির জন্য থাকছে ১২১ টাকা সিঙ্গেল প্যাকেট। এছাড়া থাকছে অস্ত্রাক্ষরী, টি শার্ট রং করা কম্পিটিশন (প্রতিযোগিতা), ডি জে'দের নিয়ে এক সন্ধ্যা সালসা, বিহু, ভাঙরা, রাজস্থানী লোকনৃত্য, ফ্যাশান ডিজাইনার অগ্নিমিত্রা পালের

কর্মশালা, প্রাচীর এবং যীশু সেনগুপ্তের তবলা, ড্রাম বাজানোর ট্রিপস। মাণি স্কোয়ার মলের পাঁচ তলার শ্যাক লাউঞ্জে এক সাংবাদিক সম্মেলনে কর্তৃপক্ষের তরফ থেকে জানান সুবেশ রায়। এইদিন উপস্থিত ছিলেন মাণি গ্রুপের সি ই ও সঞ্জয় বুনবুনওয়ালা, জিম প্যাটারসন, আইম্যাক্স ওয়ার্ল্ডওয়াইড, মিস শ্রীপর্ণা, এরিয়া হেড, ওয়েস্টসাইড, সন্দীপ সারওয়াহ ফিউরে গ্রুপের কর্ণধার। কর্তৃপক্ষের তরফ থেকে জানানো হয় যে লেসার শো, নাইট বাজার, হ্যারি পটার থ্রিডিটে এবং আরও অনেক আকর্ষণীয় অনুষ্ঠান পরিচালনা করা হবে এই ২১ দিনে। ১৪ জুন সন্ধ্যা ৭.৩০ মিনিটে কাটা হবে বিশাল অ্যানিভার্সারী কেক যার আমন্ত্রণ রইল সবার জন্যে।